# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭৬) প্রশাসনকে ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে বিনা ইহরামে মীকাত অতিক্রম করে মক্কায় পৌঁছে ইহরাম বাঁধলে হজ বিশুদ্ধ হবে কী?

উত্তর: তার হজ তো বিশুদ্ধ হয়ে যাবে কিন্তু মুসলিম শাসককে ফাঁকি দেওয়ার জন্য সে হারাম কাজ করেছে। এটা হারাম হয়েছে দু'কারণেঃ

প্রথমতঃ আল্লাহর নির্দেশ লঙ্ঘন করে ইচ্ছাকৃতভাবে বিনা ইহরামে মীকাত অতিক্রম করেছে।

দ্বিতীয়তঃ আল্লাহ আমাদেরকে নির্দেশ দিয়েছেন মুসলিম শাসকের আনুগত্য করার। অবশ্য আল্লাহর নাফরমানীর কাজে তাদের আনুগত্য করা যাবে না। অতএব, তার উপর আবশ্যক হচ্ছে আল্লাহর কাছে তাওবা করা। আর ফিদইয়া প্রদান করা অর্থাৎ একটি দম তথা কুরবানী করার মত পশু যবাই করে মক্কার ফকীরদের মাঝে বন্টন করে দিতে হবে। কেননা সে মীকাত থেকে ইহরাম বাঁধে নি। বিদ্বানদের মতে হজ বা উমরার কোনো ওয়াজিব পরিত্যাগ করলে তার জন্য ফিদইয়া প্রদান করা আবশ্যক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন